মধ্যরাতে ইসরায়েলে রকেট হামলা হিজবুল্লাহর



ছবি: সংগৃহীত

মধ্যরাতে উত্তর ইসরায়েলের কয়েকটি এলাকায় একাধিক রকেট হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহ। সংগঠনটির দাবি, দক্ষিণ লেবাননের গ্রামগুলোতে ইসরায়েলি বাহিনীর ধারাবাহিক হামলার জবাবেই এই পাল্টা আক্রমণ করা হয়েছে।

হিজবুল্লাহ জানায়, স্থানীয় সময় রোববার রাত ১টা ২০ মিনিটে কিরিয়াত শমোনা এবং পরে রাত ২টা ৪৫ মিনিটে ডোভিভ বসতিতে রকেট নিক্ষেপ করা হয়। একই সঙ্গে তারা দাবি করেছে, গত ২৪ ঘণ্টায় তারা উত্তর ইসরায়েল ও দক্ষিণ লেবাননের বিভিন্ন সামরিক অবস্থান, ঘাঁটি ও অবকাঠামো লক্ষ্য করে মোট ৪৩টি হামলা চালিয়েছে।

সংগঠনটির ভাষ্য অনুযায়ী, ইসরায়েলি ও মার্কিন চাপ ও আগ্রাসন অব্যাহত থাকলে তাদের প্রতিক্রিয়াও চলবে। অন্যদিকে ইসরায়েলি সেনাবাহিনী এখনো এ হামলা নিয়ে আনুষ্ঠানিকভাবে বিস্তারিত কোনো মন্তব্য করেনি। সাম্প্রতিক সময়ে দক্ষিণ লেবাননে হামলা বাড়ার পর দুই পক্ষের পাল্টাপাল্টি আক্রমণে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে উঠেছে।

দীর্ঘদিন ধরে কার্যকর থাকা যুদ্ধবিরতি চুক্তি সত্ত্বেও ইসরায়েল ও হিজবুল্লাহ একে অপরের বিরুদ্ধে নিয়মিতভাবে চুক্তি ভঙ্গের অভিযোগ করে আসছে।

LENS ASIA